



Birth Centenary of the  
Father of the Nation  
Bangabandhu  
Sheikh Mujibur Rahman

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

### International Mother Language Institute (IMLI)

Shahid Captain Mansur Ali Sharoni, 1/ka, Segunbagicha, Dhaka-1000, Bangladesh

Phone + 88-02-839 13 46, +8391239; +880 155 8172705 e-mail : imli.moebd@gmail.com website : www.imli.gov.bd

### সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ২১ শে ফেব্রুয়ারি ২০২১

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এ চার দিনব্যাপী অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব মোঃ মাহবুব হোসেন, সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। ‘ভাষা আন্দোলনে বঙ্গবন্ধু’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন জনাব হাবীবুল্লাহ সিরাজী, মহাপরিচালক, বাংলা একাডেমি। আয়োজনে আরও উপস্থিত ছিলেন মিজ বিয়েট্রিস কালডুন, হেড অ্যান্ড রিপ্রেজেন্টেটিভ, ইউনেস্কো, ঢাকা অফিস, জনাব মহিবুল হাসান চৌধুরী, এম.পি, মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এবং অধ্যাপক ড. জীনাৎ ইমতিয়াজ আলী, মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডা. দীপু মনি এম.পি., মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়।

‘আন্তর্জাতিক মাতৃভাষা পদক নীতিমালা ২০১৯’ অনুযায়ী আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের লক্ষ্য-উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্য রেখে পৃথিবীর বিভিন্ন মাতৃভাষার সংরক্ষণ, পুনরুজ্জীবন ও বিকাশ, মাতৃভাষার চর্চাভিত্তিক প্রকাশিত মানসম্পন্ন গ্রন্থ, মাতৃভাষার গবেষণা, মাতৃভাষার সংরক্ষণ, পুনরুজ্জীবন ও বিকাশে ডিজিটাল প্রযুক্তি উদ্ভাবন, বহির্বিশ্বে মাতৃভাষা ও বিদেশি ভাষা প্রচার ও প্রসার, মাতৃভাষায় রচিত সাহিত্য ও অন্যান্য বিষয়ে রচিত মৌলিক গ্রন্থাবলি বিদেশি ভাষায় অনুবাদ, বিদেশি ভাষায় রচিত সাহিত্য ও অন্যান্য বিষয়ে রচিত গ্রন্থসমূহের বাংলা ভাষায় অনুবাদ প্রভৃতি বিষয়ে বিশেষ অবদানের জন্য জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে আন্তর্জাতিক মাতৃভাষা পদক প্রদান করা হয়।

আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক ২০২১ পেয়েছেন জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, জাতীয় অধ্যাপক ও জনাব মথুরা বিকাশ ত্রিপুরা এবং আন্তর্জাতিক মাতৃভাষা আন্তর্জাতিক পদক-২০২১ পেয়েছেন Mr. Islaimov Gulom Mirzaevich, the Republic of Uzbekistan and The Activismo Lenguas (Language Activism), Bolivia.

তিনি পদকপ্রাপ্ত সকলকে অভিনন্দন জানান এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সকল আয়োজনের শুভ উদ্বোধন ঘোষণা করেন। প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণার জন্য যারা পদক্ষেপ গ্রহণ করেছেন তাদের এবং UNESCO-কে বিশেষ ধন্যবাদ জানান।



Birth Centenary of the  
Father of the Nation  
Bangabandhu  
Sheikh Mujibur Rahman

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

### International Mother Language Institute (IMLI)

Shahid Captain Mansur Ali Sharoni, 1/ka, Segunbagicha, Dhaka-1000, Bangladesh

Phone + 88-02-839 13 46, +8391239; +880 155 8172705 e-mail : imli.moebd@gmail.com website : www.imli.gov.bd

তিনি বলেন, ‘ভাষা আন্দোলনে বঙ্গবন্ধুর সম্পৃক্ততার কথা ইতিহাসের পাতা থেকে মুছে ফেলার চক্রান্তও করা হয়, কিন্তু সত্যকে কেও মুছে ফেলতে পারেনি।’

মাননীয় শিক্ষামন্ত্রী তাঁর বক্তব্যে ভাষা আন্দোলনের প্রেরণা, মুক্তি সংগ্রামের পথকে অব্যাহত করার জন্য স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি অসিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। তিনি বলেন, ‘জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে মাতৃভাষার সংরক্ষণ, পুনরুজ্জীবন ও বিকাশে অবদানের জন্য এখন থেকে প্রতি দুবছর অন্তর এ পদক প্রদান করা হবে।’

(মোঃ মিজানুর রহমান)

উপপরিচালক (প্রচার, তথ্য ও যোগাযোগ)

ফোন : 01711460580

ই মেইল: [mizanurr16bcs@gmail.com](mailto:mizanurr16bcs@gmail.com)